দৈনিক ইত্তেফাক

তারিখ ... 25. JUL. 2017
পৃষ্ঠা ...৭... কলাম ...2... ......




মির্জাপুর (টাঙ্গাইল): এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ ও গোল্ডেন প্লাস প্রাপ্ত মির্জাপুর ক্যাডেট কলেজের ক্যাডেটরা 'ভি' চিহ্ন দেখাচ্ছে

—ইত্তেফাক

# ময়মনসিংহের ৯ কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছে ১২১৮

■ ময়মনসিংহ প্রতিনিধি

এবারও এইচএসসি পরীক্ষায় ভালো ফলাফল করেছে ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ ও শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ। ভালো ফলাফলে খুশি শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ অধ্যক্ষও। এবারের এইচএসসি পরীক্ষার ফলাফলে ময়মনসিংহের সেরা ৯ কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ২১৮ জন শিক্ষার্থী।

ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ থেকে চলতি বছর বিজ্ঞান বিভাগ থেকে মোট অংশ নেয় ৫০ জন শিক্ষার্থী। পাস করেছে সবাই। তবে জিপিএ-৫ পেয়েছে ৪৫ জন। শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ থেকে ১ হাজার ১০৯ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৩শ ১৯ জন। পাস করেছে ১ হাজার ০৯০ জন। পাসের হার ৯৮ দশমিক ২৯ শতাংশ।

আনন্দমোহন বিশ্ববিদ্যালয় কলেজ থেকে পরীক্ষায় অংশগ্রহণ করে ৮শ ৫৭ শিক্ষার্থী। পাসের হার ৮৮ দশমিক ৯১ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ২শ ৭৪ জন।

মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ থেকে পরীক্ষায় অংশ নেয় ৯শ ৮৩ ছাত্রী। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ২শ ৩৮ জন। পাস করেছে ৮শ ৩৮ জন। পাসের হার ৮৫ দশমিক ২৮ শতাংশ।

ময়মনসিংহের নটরডেম কলেজ থেকে পরীক্ষায় অংশ নেয় ৮শ ১১ জন শিক্ষার্থী। পাস করেছে ৭শ ৮৭ জন। পাসের হার ৯৭ দশমিক ৪ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ১শ ২৪ জন।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (কেবি) কলেজ থেকে পরীক্ষায় অংশ নেয় ৮শ ১৫ জন। জিপিএ-৫ পেয়েছে ৯৭ জন। পাস করেছে ৭শ ৭৪ জন। পাসের হার ৯৪ শতাংশ।

ময়মনসিংহ ক্যান্টনম্যান্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ থেকে অংশ নেয় ৫শ ১৩ জন শিক্ষার্থী। জিপিএ-৫ পেয়েছে ৯২ জন। মোট পাস করেছে ৫শ ০৪ জন। পাসের হার ৯৮ দশমিক ২৫ শতাংশ। রয়েল মিডিয়া কলেজ থেকে পরীক্ষায় অংশ নেয় ৬শ ১২ জন। জিপিএ-৫ পেয়েছে ১৯ জন। পাস করেছে ৫০০ জন। পাসের হার ৮১ দশমিক ৭ শতাংশ।

আলমগীর মনসুর মিন্টু মেমোরিয়াল কলেজ থেকে অংশ নেয় ৫শ ৫৫ জন পরীক্ষার্থী। পাস করেছে ৪শ ৫৬ জন। জিপিএ-৫ পেয়েছে ১০ জন। পাসের হার ৮২ দশমিক ১৬ শতাংশ।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
তারিখ.........

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এন.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর